# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪২২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৪. নাপাক ব্যাক্তি ও ঋতুবতী মহিলার কুরআন পড়া নিষেধ

بَابٌ فِي النَّهْيِ لِلْجُنُبِ وَالْحَائِضِ عَنْ قِرَاءَةِ الْقُرْآنِ

## আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدٍ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ عِمْرَانَ الْعَابِدِيُّ ، نَا سُفْيَانُ ، عَنْ مِسْعَرٍ وَشُعْبَةَ ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَلِمَةَ ، عَنْ عَلِيٍّ ، قَالَ : " كَانَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ لَا يَحْجُبُهُ عَنْ قِرَاءَةِ الْقُرْآنِ شَيْءٌ إِلَّا أَنْ يَكُونَ جُنُبًا " ، قَالَ سُفْيَانُ : قَالَ لِي شُعْبَةُ : مَا أُحَدِّثُ بِحَدِيثٍ أَحْسَنَ مِنْهُ

## বাংলা

৪২২(১১). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নাপাক অবস্থা ব্যতীত অপর কিছু কুরআন পড়া থেকে বিরত রাখতো না। সুফিয়ান (রহঃ) বলেন, শো’বা (রহঃ) বলেছেন, এ হাদীস থেকে উত্তম কোন হাদীস আমি বর্ণনা করিনি।

## ফুটনোট

* ইমাম তিরমিযী হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন এবং আল-হাকেম ও ইবনে হিব্বান সহীহ বলেছেন। তবে হাকেম বলেছেন, আবদুল্লাহ ইবনে সালামা কর্তৃক বর্ণিত হাদীস দলীলযোগ্য নয়। ইমাম শাফিঈ (রহঃ) বলেন, মুহাদ্দিসগণ তাকে বিশ্বস্ত রাবী বলে স্বীকার করেন না। ইমাম বায়হাকী (রহঃ) বলেন, বৃদ্ধ বয়সে আবদুল্লাহ ইবনে সালামার বুদ্ধি ও স্মরণশক্তি লোপ পায়, যার কারণে তার হাদীস প্রত্যাখ্যাত। এই হাদীস তার থেকে তার বার্ধক্যেই বর্ণিত হয়েছে। ইবনে খুযায়মা (রহঃ) এই হাদীস বর্ণনা করে বলেন, হাদীসটি সহীহ। তিনি আরো বলেন, এই হাদীস আমার মূল জ্ঞানের এক-তৃতীয়াংশ (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80211

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন